

রহা চালাকালীন লার্ভা



চুন প্রয়োগ

## চাকী পলু বিতরণ :

- ➢দ্বিতীয় রহার পর লার্ভার বৃদ্ধি ও স্বাস্থ্যের চাকী সার্টিফিকেশন চালু করুন ।
- ➢নির্খোঁজ লার্ভা যেন ৫% এর কম ও ছোটো আকারের লার্ভা যেন ১৫% এর কম হয়।
- ➢২য় রহার সময় ১০০ টি লার্ভার ওজন পরীক্ষা করুন (দ্বি-প্রজ: ৩.৪-৩.৮ গ্রাম ও আইসিবি: ২.২-২.৬ গ্রাম)
- ➢চুন প্রয়োগ করুন এবং দিনের ঠান্ডা সময়ে চাকীপলু পরিবহন করুন।

### করণীয়:

- ➢ছোট ছোট চাকী পলুপালন কেন্দ্রে চাকী পলুপালনের আয়োজন করুন ।
- ➢রসালো ও পুষ্টিকর পাতার জন্য চাকী তুতবাগান তৈরী করুন।
- ➢চাকী পলুপালন কেন্দ্রের সঠিক তাপমাত্রা ও আপেক্ষিক আর্দ্রতা বজায় রাখুন।
- ➢চাকী পলুপালন কেন্দ্রে যথাযথ স্বাস্থ্যবিধি বজায় রাখুন ।

### বর্জনীয়:

- ➢দিনের গরম সময় ডিম পরিবহন করবেন না ।
- ➢ডিম ফোটানোর জন্য কম্বল বা কলসির মধ্যে ডিম রাখবেন না ।
- ➢হাত দিয়ে গুড়া পলু নাড়াচাড়া করবেন না ।
- ➢রহা চলাকালীন প্যারাফিন কাগজ ও ভেজা ফোমপ্যাড দিয়ে পলুর বেড ঢাকবেন না ।
- ➢৯০% লার্ভা রহা থেকে না বেরনো পর্যন্ত পলুপোকাকে থাবার দেবেন না ।
- ➢চাষীদেরকে পেব্রিনযুক্ত চাকীপলু বিতরণ করবেন না।

## গুড়া/চাকী পলুপালন পদ্ধতি:





❖**বাক্স পলুপালন পদ্ধতি** - প্লাস্টিকের ট্রের ওপর প্যারাফিন কাগজে পলুর ডিম ব্রাশ করা হয় এবং সিক্ত ফোম প্যাডগুলি পলুর বিছানার চারিদিকে রাখা হয় । আর্দ্রতা হ্রাস রোধ করার জন্য বেডের ওপর প্যারাফিন কাগজ দিয়ে আচ্ছাদিত করতে হয়। ট্রেগুলিকে একটির উপরে অপরটিকে সাজিয়ে রাখতে হবে। চাকী পলুকে খাওয়ানোর আগে চাকী বেড শুকানোর জন্য খোলা বায়ুতে রাখতে হবে।

❖**তাক পলুপালন পদ্ধতি** – পলু পালনের জন্য বাঁশের ডালা ব্যবহার করা হয় এবং ডালাগুলিকে পৃথক পৃথক তাকে রাখা হয় ।

## চাকী পলুপালনের সুবিধা:

- ✓ডিমর যথাযথ ইনকিউবেশন এবং অভিন্ন মুখানো
- ✓স্বাস্থকর ও রোগমুক্ত চাকীপলু
- ✓রেশম ফসলের স্থিতিশীলতা
- ✓রেশম গুটির উত্পাদনশীলতা বৃদ্ধি
- ✓রেশম গুটির উত্পাদন ব্যয় হ্রাস
- ✓উচ্চতর আর্থিক প্রত্যাবর্তন
- ✓রেশম ফসলের ক্ষতিরোধ

**ডাঃ সফি আফরোজ, ডাঃ মঞ্জুনাথ জি আর,**
**ডাঃ পরমেশ্বর নায়েক জে, ডাঃ ডি পণ্ডিত**
**ডাঃ টি. ডি. বিশ্বাস ও ডাঃ ভী. শিবপ্রসাদ**

**আরও তথ্যের জন্য যোগাযোগ করুন :**

অধিকর্তা, কেরেঅওপ্রপ্র, বহরমপুর – ৭৪২ ১০১, পশ্চিমবঙ্গ
দূরভাষ: ০৩৪৮২-২২৪৭১৩, ইপিএবিএক্স: ২২৪৭১৬/১৭/১৮
ফ্যাক্স: ০৩৪৮২-২২৪৭১৪/২২৪৮৯০
ই-মেল: *csrtiber@gmail.com; csrtiber.csb@nic.in*
*www.csrtiber.res.in*

পুস্তিকা সংখ্যা : 88 @CSRTI, Berhampore মার্চ, 2021

# গুড়া পলুপালন

## (সফল রেশমচাষের জন্য)





















**কে.রে.অ.ও প্র.প্র.**

কেন্দ্রীয় রেশম অনুসন্ধান এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান
কেন্দ্রীয় রেশম বোর্ড, বস্ত্র মন্ত্রালয়, ভারত সরকার
বহরমপুর – ৭৪২ ১০১, পশ্চিমবঙ্গ

# গুড়া পলুপালন

## (সফল রেশমচাষের জন্য)

চাকী হলো রেশমকীট পালনের প্রথম দুটি দশা (দ্বিতীয় রহা অবধি)। চাকী রেশমপলু পালনের গুরুত্বপূর্ণ সময় যা কারিগরি দক্ষতা ও ভাল লালন-পালনের সুবিধার দাবি করে। চাকী হল সফল রেশমগুটি উত্পাদনের মূল মন্ত্র। ক্ষুদ্র চাকীর মূল লক্ষ্য স্বাস্থ্যকর ও শক্তিশালী অল্প বয়সী রেশমপলুর সংখ্যা বৃদ্ধি এবং তা রেশম চাষীদের সরবরাহ করা।

### ক্ষুদ্র চাকীর প্রাথমিক প্রয়োজনীয়তা :

❖প্রতি ফসলে ১০০০ রোগমুক্ত ডিম পালনের ক্ষমতা সম্পন্ন সুবিধাযুক্ত পৃথক পালন ঘর।

❖এস -১৬৩৫ এর এক একরের পৃথক চাকী তুতবাগান।

❖দুই দেওয়ালের প্লাস্টিক/ এইচডিপিই ট্রে (২' x ৩' আকার)।

❖কমপক্ষে ১০০টি ট্রে ধারণক্ষম পিভিসি / কাঠের পালনের স্ট্যান্ড (দৈর্ঘ্য : ২৩', উচ্চতা: ৭' ও প্রস্থ : ২') ।

❖পাতা কাটা মেশিন/ যন্ত্র।

❖আপেক্ষিক আর্দ্রতা মাপার শুকনো ও ভেজা বাল্ব থার্মোমিটার।

❖সুক্ষ-জলবায়ু পরিচালনার জন্য হিটার ও হিউমিডিফায়ার।

❖প্যারাফিন কাগজ (৮০ জিএসএম)।

❖পাতা খাওয়ানোর স্ট্যান্ড, প্লাস্টিকের বাক্স, পাওয়ার স্প্রেয়ার, প্লাস্টিকের ইনকিউবেশন ফ্রেম, বিছানা পরিষ্কারের জাল, ডাস্টবিন, প্লাস্টিকের ক্রেট ও জীবাণুমুক্তকরণের মুখোশগুলির মতো পর্যাপ্ত সরঞ্জাম ।

### পলু পালনের ঘর ও সরঞ্জামাদি নির্বীজন :

❖পলু পালনের প্রতি ব্যাচে দু'বার নির্বীজন

**প্রথম:** ডিম মুখানোর ২-৩ দিন আগে এবং

**দ্বিতীয়:** প্রতি ব্যাচ শেষ হওয়ার পরে

❖ জেনারেল রুম জীবাণুনাশক ব্যবহার করতে হবে

**৫ % ব্লিচিং পাউডার দ্রবন এবং নির্মুল।**

### রোগমুক্ত ডিমের সংগ্রহ :

❖এনএসএসও (এসএসপিসি), আরএসপি এবং রাজ্যসরকারী সংস্থাগুলি থেকে সার্টিফিকেটযুক্ত সংকর প্রজাতির ও পেব্রিন মুক্ত পলুর ডিম দিনের ঠান্ডা সময়ে সংগ্রহ এবং পরিবহন করুন।

### ডিম ইনকিউবেশন :

❖ইনকিউবেশনের আগে ১০মিনিট ২% ফরমালিন দ্রবণ ডিমের শীট ডুবিয়ে রাখুন ও শীতল ঘরে শুষ্ক বায়ু দিয়ে শুষ্ক করুন।

❖ইনকিউবেশনের জন্য রোগমুক্ত ডিম ২৫ ̊সেলসিয়াস তাপমাত্রায়, ৮০% আর্দ্রতা এবং ইনকিউবেশন ফ্রেম ব্যবহার করে ১৬ ঘন্টা আলো প্রদান করুন।

### ব্লাক বক্সিং:

❖ ৮০% ডিমের সুচারুরূপে মুখানোর জন্য **"ব্লু স্টেজ"** নিশ্চিত করুন

❖ ইনকিউবেশন ফ্রেমগুলি ২৪-৩৬ ঘন্টা কালো কাগজ বা কাপড় দিয়ে আবৃত করুন



### ডিম ঝাড়ানো :

❖ তুলনামূলকভাবে দিনের শীতল সময়ে যথা সকাল ৭টা থেকে ৮টা ডিম ঝাড়া দরকার।

❖ সদ্য মুখানো ডিম ঝাড়নের জন্য নরম ফাইবার /পালকের ব্রাশ ব্যবহার করুন ও তুত গাছের কোমল পাতা ছোট ছোট করে কেটে ছড়িয়ে দিন।

❖ 30 মিনিট পরে সমস্ত গুড়া পলু, পলু পালনের ট্রের ওপর প্যারাফিন কাগজে স্থানান্তর করুন।

❖ আলগা ডিমের জন্য ইনকিউবেশন ফ্রেম ব্যবহার করুন





### গুণমান যুক্ত তুঁত পাতা:

❖ চাকীর তুঁত বাগান রক্ষণাবেক্ষণ এর জন্য স্ট্যান্ডার্ড অনুশীলন প্যাকেজ (FYM @ ৪০ মে:ট:/হে:/ বছর ও NPK @ ৩৩৬:১৮০: ১১২ কেজি/হে:/বছর

❖ কোমল,উচ্চ-পুষ্টিকর রসযুক্ত পাতা ব্যবহার করুন

❖ দিনের ঠান্ডা সময়ে পাতা সংগ্রহ করুন

❖ কাটা পাতা আলাদা ঘরে ভেজা চটের কাপড়ে ঢেকে সংরক্ষণ করুন

❖ পলুকে পর্যাপ্ত পরিমাণে খাবার দিন





### পলুকে খাওয়ানোর সময়সূচী :

❖ খাওয়ানোর আধ ঘন্টা আগে প্যারাফিন কাগজ সরাতে হবে

❖ চাকীর জন্য প্রয়োজনীয় পাতা (আইসিবি: ১৫ কেজি ও দ্বিপ্রজ: ২০কেজি প্রতি ১০০ডিমের জন্য )

❖ প্রতিদিন তিনবার খাওয়ান (সকাল ৭টা, দুপুর ১টা ও রাত্রি ৮টা)



### বেড স্পেসিং:

❖লার্ভা স্বাস্থ্যকর বৃদ্ধি ও বিকাশের জন্য অভিন্ন ব্যবধান প্রদান করতে হবে

❖চাষীদের প্রতি 100 রোগমুক্ত ডিম (দ্বিতীয় রহার পরে) 10-12 ট্রেতে সরবরাহ করতে হবে

| আদর্শ বেডের আকার (সেমি² / ১০০ রোগমুক্ত ডিমে) | | |
|---|---|---|
| দশা | আইসিবি | দ্বিপ্রজ |
| ১ ম | ৬ -১৮ | ৮-২১ |
| ২ য় | ১৮-৫৪ | ২১-৬৫ |

### বেড পরিষ্কার:

❖ দ্বিতীয় দশায় মাত্র একবার (দ্বিতীয় রহায় বসার আগে)





### পলু পালন ঘরের সূক্ষ্ম জলবায়ু :

❖সর্বোত্তম তাপমাত্রা বজায় রাখুন

**প্রথম দশা** : ২৭-২৮°C

**দ্বিতীয় দশা** : ২৬-২৭°C

❖সঠিক আপেক্ষিক আর্দ্রতা বজায় রাখুন **@৮৫-৯০%**

### রহার সময় যত্ন:

❖পলুপালন গৃহে উত্তম বাতাসের প্রবাহ রাখতে হবে

❖রেশমপলুর উপরের প্যারাফিন কাগজ এবং ভেজা ফোম প্যাডগুলি রহা ও ডাস্টিংয়ের সময় সরাতে হবে

❖যখন ~ ৯০% লার্ভা রহাতে স্থির হয়ে বসে থাকবে, তখন বেডের আর্দ্রতা হ্রাস করতে পাতা দেওয়া বন্ধ করুন এবং চুনের গুঁড়া ছিটান

❖৯৫ % লার্ভা রহা থেকে বেরনোর পরে পলুর বেডে জীবাণুনাশক ল্যাবেক্স বা সেরিসিলিন বা সেরি-উইন প্রয়োগ করুন (৩৫০গ্রাম প্রতি ১০০ ডিমের হিসাবে)

❖৩০ মিনিট পরে পলুর বেডের উপর নাইলন নেট ছড়িয়ে দিন এবং টুকরো টুকরো কোমল তুতপাতা লার্ভাকে খাওয়ার জন্য দিন